

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২০.১৯.৪৩২

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান।

জনাব শেখ মুজাহিদুর রহমান, মাঠ সহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মোড়েলগঞ্জ, বাগেরহাট গত ০১.০৪.২০১৯ তারিখ প্রকল্পের চাকুরিতে যোগদান করেন। যোগদানের পর তিনি গত ১৯.০৫.২০১৯ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে গত ২২.০৫.২০১৯ তারিখ উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেননি। পরবর্তীতে তার সাথে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে তিনি কোন জবাব দেননি মর্মে উপজেলা নির্বাহী অফিসার মোড়েলগঞ্জ, বাগেরহাট প্রকল্প সদর কার্যালয়কে লিখিতভাবে অবহিত করেছেন।

বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে বহাল রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করেন। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

এমতাবস্থায়, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী তাকে প্রকল্পের চাকুরি হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



৩০-৯-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব শেখ মুজাহিদুর রহমান, মাঠ সহকারী, মোড়েলগঞ্জ,
বাগেরহাট।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০২০.১৯.৪৩২/১(৯)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, বাগেরহাট।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

- ৭) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৯) অফিস নথি।



৩০-৯-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক